একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত হবে

উপজেলা পরিষদ কার্যালয়

তাড়াইল, কিশোরগঞ্জ

বিষয় : উপজেলা পরিষদের মার্চ/২০২৬ (বিবেচ্য ফেব্রুয়ারি/২০২৬) মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : তানজিলা আখতার
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।

সভার তারিখ ও সময়: ১১/০৩/২০২৬ খ্রি., বেলা- ২.০০ ঘটিকা।

সভার স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এবং পবিত্র মাহে রমজান মাসের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় গত ফেব্রুয়ারি/২০২৬ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। অতঃপর, নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| বিভাগ/অফিস | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, তাঁর বিভাগের স্বাস্থ্যসেবাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক প্রেরিত কার্যপত্র অনুযায়ী ফেব্রুয়ারি/২০২৬ মাস পর্যন্ত মোট সক্ষম দম্পতির সংখ্যা ৩২২৭৬ জন, মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ২৪০৪৭ জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৭৪.৫০%। জানুয়ারি/২০২৬ মাসে স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ ০০ জন মহিলা ২জন, আইইউডি ৩জন, ইমপ্লান্ট ০০ জন, খাবার বড়ি সেবনকারী ৮৬জন, কনডম গ্রহণকারী ১৪জন, ইনজেকশন গ্রহণকারী ৭২ জন, মোট গর্ভবতীর সংখ্যা ৯৯জন, গর্ভকালীন সেবা গ্রহণকারী ৪৭৫ জন, প্রসব সেবা ১০৫ জন, প্রসবোত্তর সেবা গ্রহণকারী ১৬৩ জন, শিশু সেবাগ্রহণকারী ২৪৪৪জন, ইসিপি ০০ জন, কিশোর/কিশোরী সেবা ৫৮৬৯জন, পুষ্টি সেবা ২৭৮৫জন, সাধারণ পুরুষ রোগী সেবাগ্রহণকারী ৯৫৫জন ও সাধারণ মহিলা রোগী সেবাগ্রহণকারী ২০২৫জন, মিসোপ্রোষ্টল ৬জন। এছাড়া জনবল স্বল্পতা নিয়েও জন্মনিয়ন্ত্রণ সেবা, মা ও শিশু স্বাস্থ্য সেবা, গর্ভকালীন সেবা, প্রসব সেবা, কিশোর-কিশোরী সেবা বৃদ্ধিকরণসহ অন্যান্য রোগের বিস্তার রোধে জনসচেতনতা বৃদ্ধিতে কাজ করা হচ্ছে। তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে বোরো আবাদ হয়েছে ১০৪২০ হে. জমিতে। এর মধ্যে হাওরে ১০% কুশি, ৬৫% কাইছথোর, ২৫% থোর অবস্থায় রয়েছে এবং নন হাওরে ৯০% কুশি ও ১০% কাইছথোর অবস্থায় রয়েছে। রবি অন্যান্য ফসলের মধ্যে ১৪৯৫ হে. জমিতে সবজি, ১০০৫ হে. জমিতে সরিষা, ২২৫ হে. জমিতে আলু, ৫৪০ হে. জমিতে মরিচের আবাদ করা হয়েছে। বর্তমানে উপজেলায় রাসায়নিক সার, বীজ ও বালাইনাশক এর মজুদ পরিস্থিতি স্বাভাবিক। কোথাও কোন প্রকার সঙ্কট নেই। সার ও কীটনাশকের দোকান নিয়মিত মনিটরিং করা হচ্ছে। সকল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে মর্মে অবহিত করা হয়। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| প্রাণিসম্পদ বিভাগ | সভায় উপস্থিত উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা বলেন, কুরবানী পশুদের আগাম স্বাস্থ্য সেবা দেওয়ার কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া, উপজেলা প্রাণিসম্পদ অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, ১। উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন ডিজাইন ও অনুমোদনের লক্ষ্যে সয়েল ইনভেস্টিগেশন এর রিপোর্ট বাবদ ৩৫,০০০/- টাকায় সার্ভিসটি রাজস্ব তহবিল কর্তৃক নগদ ক্রয়ের জন্য প্রস্তাব রাখেন। | আলোচনার ১, ২নং এ বর্ণিত আলোচনার প্রেক্ষিতে রাজস্ব তহবিল হতে যথাক্রমে ৩৫,০০০/- টাকা এবং ২০,০০০/- টাকা ব্যয়ের জন্য | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা |

| | | | |
|---|---|---|---|
| | ২। উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন ডিজাইন ও অনুমোদনের লক্ষ্যে Topographical Survey এবং GIS এর রিপোর্ট বাবদ ২০,০০০/- টাকায় সার্ভিসটি রাজস্ব তহবিল কর্তৃক নগদ ক্রয়ের জন্য প্রস্তাব রাখেন।<br>৩। উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/সংস্করণ খাত হতে উপজেলা পরিষদ ভবনে মিটিং রুমে ডিজিটাল স্ক্রীন ক্রয় বাবদ ২,৫০,০০০/- পিআইসি মাধ্যমে বাস্তবায়নের জন্য সুপারিশ করেন।<br>৪। ২০২৫-২৬ অর্থ বছরের এডিপি প্যাকেজ নং-e-Tender/ADP/2025-26/W.001 এর ০১টি স্কীম "তাড়াইল বড় মসজিদের সম্মুখ হতে সংকর ভৌমিকের বাসা পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ" প্রকল্পটি কিশোরগঞ্জ জেলা পরিষদ হতে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করায় প্রকল্পটি প্রাক্কলিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ রেখে "তাড়াইল বাজার সোনালী ব্যাংকের পশ্চিম পার্শ্বে" স্থানান্তর করার জন্য প্রস্তাব রাখেন।<br>৫। উপজেলা ডরমেটরী/বিআরডিবি কোয়ার্টারের সম্মুখের রাস্তা উন্নয়নের জন্য ২টি মরা মেহগনি গাছ কর্তন করা প্রয়োজন।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়। | সিদ্ধান্ত গৃহীত হয়।<br>আলোচনার ৪নং ক্রমিকের প্রকল্প পরিবর্তন করে বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>আলোচনার ৪নং ক্রমিকে বর্ণিত প্রকল্পটি রাজস্ব তহবিল হতে বর্ণিত পদ্ধতি অনুসরণে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>আলোচনার ৫নং ক্রমিকে বর্ণিত উপজেলা ডরমেটরী/বিআরডিবি কোয়ার্টারের সম্মুখে রাস্তা নির্মাণের জন্য ২টি মরা মেহগনি গাছ কর্তন করার লক্ষ্যে মূল্য নির্ধারণের জন্য বন বিভাগকে অনুরোধ করা হয়। | উপজে<br>প্রকৌশ<br>এলজিইডি |
| শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, সরকারি নির্দেশনা অনুযায়ী বিদ্যালয় বর্তমানে বন্ধ আছে। অফিসের অন্যান্য কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় উপস্থিত উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, নিয়মিত মৎস্য চাষীদের মাছ চাষ পদ্ধতি সম্পর্কে পরামর্শ প্রদান করা হয়। নিয়মিত মৎস্য খামার পরিদর্শন করা হয়। ৪টি মৎস্য খাদ্য লাইসেন্স নবায়ন করা হচ্ছে। তাছাড়া, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, এ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ঋণের পরিমাণ ৩,২২,৭৮,০০০/- টাকা ১০৪৭ জনকে প্রদান করে হয়েছে। বিবেচ্য মাসে ঋণ বিতরণের পরিমাণ ০০ টাকা এবং এ মাসে আদায়ের পরিমাণ ১,১৪,৮৯০/- টাকা। আদায়ের হার ৮২.৩৬%। এ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ৮৬৩৭ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাড়াইল উপজেলায় ৪২টি যুব সংগঠন রয়েছে। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বলেন, ৬টি প্রকল্পের অধীনে এ পর্যন্ত ১০৩৬.৩১ (লক্ষ টাকায়) টাকা ঋণ বিতরণ করা হয়েছে, এ পর্যন্ত ৮৯১.৩৪ টাকা আদায় করা হয়েছে এবং ১৩৯.২২ টাকা বকেয়া রয়েছে। বিবেচ্য মাসে ০.৬২ টাকা আদায় করা হযেছে। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ের প্রকল্প বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত টাকা/খাদ্যশস্যে বিপরীতে উপজেলা কমিটিতে অনুমোদিত প্রকল্প তালিকা জেলা কর্ণধার কমিটিতে অনুমোদনের প্রাপ্তি সাপেক্ষে ১ম কিস্তির বিল প্রদান করা হয়েছে। প্রকল্পের কাজ সমাপ্তি সাপেক্ষে চূড়ান্ত বিল প্রদান করা হচ্ছে। কাজের অগ্রগতি: গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) ২য় পর্যায় ৫৮,১৬,০৩৭৮/৯০ টাকা, ৩৪.৬৯০ মে.ট. চাল ও ৩৪.৬৯০ মে.ট. গম বরাদ্দ, প্রকল্প সংখ্যা-৩৬টি, অগ্রগতি ৭৫%, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ২য় পর্যায়ে ৪০,৬২,৩৫১/৭৩ টাকা বরাদ্দ পাওয়া গেছে, গৃহীত প্রকল্প সংখ্যা-১৮টি, অগ্রগতি ৮০%। গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ জেলা প্রশাসক (টিআর) ২য় পর্যায় ৭টি ইউনিয়নে ২,৬৭,০০০/- টাকা, প্রকল্প সংখ্যা-২টি, অগ্রগতি ৭০%। পবিত্র ঈদুল ফিতর ২০২৬ উপলক্ষ্যে ভিজিএফ (চাল) মোট ২৪৪.৫৯০ মে.ট. চাল কার্ড সংখ্যা ২৪৪৫৯টি বিতরণের জন্য ইউপি চেয়ারম্যান তালিকা চাওয়া হয়েছে। মানবিক সহায়তা আওতায় ২৯৫৫ পিছ কম্বল বিতরণ কাজ চলমান। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |

| | | | |
|---|---|---|---|
| মহিলা বিষয়ক বিভাগ | ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৫-২৬ চক্রের উপকারভোগীদের মাঝে ফেব্রুয়ারি/২০২৬ মাসের খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। নির্বাচিত উপকারভোগীগণ জনপ্রতি মাসিক ৩০ কেজি হারে ২ বছর (খাদ্য শস্য) সুবিধা প্রাপ্ত হবেন। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় ৭টি ইউনিয়নে ৭টি ক্লাব রয়েছে। প্রতিটি ক্লাবে ১ জন সংগীত, ১ জন আবৃত্তি শিক্ষক এবং ১ জন জেন্ডার প্রমোটার নিয়োজিত আছে। কিশোর কিশোরী ক্লাবের সদস্যগণ নারী শিশু নির্যাতন যৌতুক নিরোধ, পাচার, বাল্য বিবাহ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিতে কাজ করছে। নারী শিশু নির্যাতন যৌতুক নিরোধ, পাচার, বাল্য বিবাহ প্রতিরোধে জাওয়ার ও দিগদাইড় ইউনিয়নে জনসচেতনতামূলক উঠান বৈঠক করা হয়েছে। মাসিক স্টাফ মিটিং করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থ বছরে ইউনিয়ন ওয়ারী প্রতিমাসে ১৫টি করে কার্ড বরাদ্দ রয়েছে। বর্তমানে ইউনিয়ন পরিষদের উদ্যোক্তাদের মাধ্যমে অনলাইনে ভাতাভোগীদের আবেদন গ্রহণ কার্যক্রম চালু রয়েছে। ইউনিয়ন পর্যায়ে প্রতি মাসের ২০ তারিখের মধ্যে অনলাইনে আবেদন কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| জনস্বাস্থ্য বিভাগ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় উপস্থিত না থাকায় কোন কার্যক্রম অবহিত বা তথ্য উপস্থাপন করা গেলো না। | সভায় নিয়মিত উপস্থিত থাকা এবং সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক অফিসার |
| ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার | উপজেলা ইন্সট্রাক্টর জানান, বর্তমানে প্রশিক্ষণ খাতে বরাদ্দ না থাকায় টিচারদের প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ আছে। তার অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, ইউআরসি |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| বন বিভাগ | উপজেলা ফরেস্টার বলেন, তার অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ফরেস্টার |
| খাদ্য নিয়ন্ত্রণ বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| বিবিধ | সভাপতি তার বক্তেব্যে পবিত্র মাহে রমজান মাসের ভাবগাম্ভীর্য ধরে রাখার জন্য সকলকে অনুরোধ করা হয়। সে সাথে আসন্ন পবিত্র ঈদ উল ফিতর যথাযথভাবে উদযাপনের জন্য অনুরোধ করেন। বিশেষকরে ভিজিএফ কার্ড বিতরণের ক্ষেত্রে ট্যাগ অফিসারগণকে সার্বক্ষণিক মনিটরিং করার জন্য অনুরোধ করেন। যাতে কোন প্রকার অনিয়ম না হয়। তিনি নতুন সরকারের নির্দেশনা মোতাবেক দেশকে সামনের দিকে এগিয়ে নিতে সকলের সহযোগিতা কামনা করেন।<br><br>উপজেলা পরিষদের থানার মোড়ে চিরাং অভিমুখী রাস্তার উন্নয়ন কাজের জন্য পল্লী বিদ্যুৎ সমিতি বরাবর ইলেক্ট্রিক পোল স্থানান্তরের প্রস্তাব প্রেরণ করা হলে কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, তাড়াইল জোনাল অফিস হতে ০৯/৪/২০২৬ তারিখের ২৭.১২.৪৮৯২.৫৩৪.০৫.০২৮-২৬ নং স্মারকে পোল স্থানান্তর বাবদ ৮৭,৮৪৩/- টাকা জমা প্রদানের জন্য অনুরোধ করা হয়। উক্ত টাকা অপ্রত্যাশিত খাত হতে ব্যয়ের জন্য সভায় প্রস্তাব করা হয়। | কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, তাড়াইল জোনাল অফিস এর চাহিত মতে পোল স্থানান্তর বাবদ ৮৭,৮৪৩/- টাকা অপ্রত্যাশিত খাত হতে পরিশোধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সুষ্ঠুভাবে সকল বিভাগের কার্যক্রম পরিচালনায় জন্য এবং নিজ নিজ অফিস আঙ্গিনা পরিচ্ছন্ন রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ<br><br>সকল বিভাগের অফিস প্রধান সকল ইউপি চেয়ারম্যান |

| | | |
|---|---|---|
| | তিনি বলেন, উপজেলা পরিষদকে আরো সুন্দর ও আকর্ষণীয় করার উদ্যোগ গ্রহণ করতে হবে। তিনি উপজেলা পরিষদের অভ্যন্তরে বা বাহিরে সকল অফিস আঙিনা নিজ দায়িত্বে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য অনুরোধ জ্ঞাপন করেন। সেবা নিতে আসা জনগণকে স্বচ্ছতা ও আন্তরিকতার সাথে সেবা প্রদানের জন্য সকল বিভাগের কর্মকর্তা ও জনপ্রতিনিধিদেরকে নির্দেশনা প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(তানজিলা আখতার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।

স্মারক নং-০৫.৪১.৪৮৯২.০০০.০০.০১.২৫-২৮৬

তারিখ- ১১/০৩/২০২৬ খ্রি.

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

০১। সচিব, স্থানীয় সরকার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

০৩। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।

০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।

০৫। উপজেলা ..................................................... কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ এবং সদস্য, উপজেলা পরিষদ।

০৬। চেয়ারম্যান (সকল) .......................................ইউনিয়ন পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ এবং সদস্য, উপজেলা পরিষদ।

উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।